



ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্যবেক্ষণ

জগদীশচন্দ্র বসু ও আচার্য প্রফুল্লচন্দ্র রায় পুরস্কারের জন্য মনোনয়ন আহ্বান

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্যবেক্ষণের পক্ষ থেকে ২০১২-১৩ বর্ষের 'জগদীশচন্দ্র বসু পুরস্কার' এবং 'আচার্য প্রফুল্লচন্দ্র রায় পুরস্কার'-এর জন্য মনোনয়ন আহ্বান করা যাচ্ছে।

ত্রিপুরা রাজ্যে অবস্থিত কারিগরী ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পাঠরত ছাত্র-ছাত্রী, গবেষক/গবেষিকা, সরকারী, আধা সরকারী, স্বাসিত সংস্থা কিংবা অসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের তরুণ বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, গবেষক/গবেষিকা (৪০ বছর অনুধৰ) 'জগদীশচন্দ্র বসু পুরস্কার'-এর জন্য বিবেচিত হবেন। আবেদনের সাথেইংরাজী অথবা বাংলা ভাষায় এ যাবৎ যে সকল গবেষণা কাজ করেছেন তার সার সংক্ষেপ এবং সেই সাথে বৈজ্ঞানিক জার্নালে ছাপা হওয়া গবেষণা নিবন্ধগুলোর কপি জমা দিতে হবে। সার সংক্ষেপে A4 সাইজে পেপারে টাইপ করা। সর্বাধিক ৫ পৃষ্ঠায় সীমাবদ্ধ থাকতে হবে। এ ছাড়াও নাম, ঠিকানা, ফোন নম্বর, কোন প্রতিষ্ঠানের সাথে যুক্ত এবং জন্মের তারিখ সহ গবেষণা সম্পর্কিত তথ্য জানাতে হবে। পুরস্কার হিসেবে থাকবে ২০ হাজার টাকার ড্রাফট, একটি স্বর্ণপদক এবং মানপত্র।

প্রযুক্তির ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে শিল্প-কারখানা স্থাপন, বেকারের কর্মসংস্থান, স্ব-সহায়ক দলের উপার্জন, গ্রামোন্যন্ত, পরিবেশগত সমস্যার সমাধান ইত্যাদি কাজের জন্য 'আচার্য প্রফুল্লচন্দ্র রায় পুরস্কার'-এর জন্য ত্রিপুরা রাজ্যে কর্মরত বিজ্ঞানী/প্রযুক্তিবিদ, উদ্যোগী, স্বেচ্ছাসেবী সংগঠনের কাছ থেকে মনোনয়ন আহ্বান করা যাচ্ছে। কোন ব্যক্তি হলে নাম, ঠিকানা, ফোন নম্বর, কোন প্রতিষ্ঠানের সাথে যুক্ত কিনা, জন্মের তারিখ সহ কাজের বিবরণ, যদি কোন প্রতিষ্ঠানের সাথে যুক্ত থাকেন প্রতিষ্ঠানের নাম, কাজের বিবরণী ইত্যাদি আর যদি কোন সংস্থা হয় তা হলে সংস্থার নাম, ফোন নম্বর, কেন এই পুরস্কার দেওয়া হবে ইত্যাদি সর্বাধিক ৫ পৃষ্ঠায় A4 সাইজে পেপারে টাইপ করে আবেদনের সাথে ইংরেজী অথবা বাংলা ভাষায় জমা দিতে হবে। পুরস্কার হিসেবে থাকবে দশ হাজার টাকার ড্রাফট, একটি স্বর্ণপদক এবং মানপত্র।

উপরোক্ত পুরস্কারগুলির জন্য ২৫ সেপ্টেম্বর ২০১২ এর মধ্যে সদস্য উপসচিব, ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্যবেক্ষণ, বিতল, বিজ্ঞান ভবন, আসাম রাইফেলস কমপ্লেক্স, গোর্খাবন্তী, আগরতলা-৭৯৯১০০৬-এর কাছে সাদা কাগজে আবেদন নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে জমা দিতে হবে।

যথাযথভাবে গঠিত একটি কমিটি এই পুরস্কারগুলির প্রাপক নির্বাচিত করবেন।

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্যবেক্ষণ কর্তৃক প্রচারিত